UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

***Ref:*** ***Date***: ২৩ মার্চ ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

# চট্টগ্রাম থেকে ইউপিডিএফের দুই সদস্যকে আটকের পর রাঙামাটির কাউখালী থানার মিথ্যা মামলায় ফাঁসানোর নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর সিনিয়র কেন্দ্রীয় সদস্য সচিব চাকমা আজ রবিবার (২৩ মার্চ ২০২৫) সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে চট্টগ্রাম থেকে দুই ইউপিডিএফ সদস্যকে আটকের পর রাঙামাটির কাউখালী থানার মিথ্যা মামলায় ফাঁসানোর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, গতকাল (শনিবার) সন্ধ্যা ৬টার সময় চট্টগ্রামের চান্দগাঁও থানা এলাকা থেকে ইউপিডিএফ সদস্য নিকেল চাকমা ও সোহেল চাকমাকে বিনা কারণে র‍্যাবের সদস্যরা গ্রেফতার করে। পরে তাদেরকে চান্দগাঁও থানায় হস্তান্তর করা হয়।

এরপর আজ (রবিবার) সকালে তাদেরকে রাঙামাটি জেলা আদালতে হাজির করা হলে গত ৮ মার্চ দায়েরকৃত মিথ্যা রাঙামাটির কাউখালী থানায় মামলায় (১৮৭৮ সনের অস্ত্র আইনের ১৯(ক), তৎসহ ১৮৬০ সনের পেনাল কোডের ধারা ১৪০/১৪৩/১৪৭/৩৪৩/১৮৬/৩৫৩/৫০৬) গ্রেফতার দেখানো হয়। পরে মামলার শুনানী শেষে আদালত তাদেরকে জেলগেটে ১ দিনের রিমান্ড মঞ্জুর করে।

গ্রেফতার নিকেল চাকমার পিতার নাম ক্ষুদিরাম চাকমা। তার বাড়ি রাঙামাটির বরকল উপজেলার ৪ নং বরুণাছড়ি ইউনিয়নের উকছড়ি গ্রামে।

আর সোহেল চাকমার পিতার নাম চুন্দি লাল চাকমা। তার বাড়ি খাগড়াছড়ির সদর থানাধীন নলছড়া/উত্তর জোরমরম গ্রামে।

বিবৃতিতে সচিব চাকমা গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, চট্টগ্রাম শহরের মতো জায়গা থেকে বিনা অপরাধে গ্রেফতারের পর মিথ্যা মামলায় ফাঁসানো চরম মানবাধিকার লঙ্ঘন, যা পতিত ফ্যাসিস্ট হাসিনা জমানায় ইউপিডিএফের ওপর চলা নিষ্ঠুর রাজনৈতিক নিপীড়নের কথাই স্মরণ করিয়ে দেয়।

ইউপিডিএফ নেতা অবিলম্বে মিথ্যা মামলা প্রত্যাহারপূর্বক গ্রেফতারকৃত নিকেল চাকমা ও সোহেল চাকমাকে নিঃশর্ত মুক্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।